

নং: ৪৬.০৪২.০১৪.৫৫.০২.০৫৫.২০১৪. 21692

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৩
১৭ নভেম্বর ২০১৬

বিষয়: পিরোজপুর জেলা পরিষদের মালিকানাধীন স্বরূপকাঠী কৌড়িখাড়া খেয়াঘাটের সল্লিকটে স্বরূপকাঠী পৌরসভা কর্তৃক অবৈধভাবে স্থাপিত/সৃজিত খেয়াঘাট অপসারণ সংক্রান্ত।

সূত্র: পিরোজপুর জেলা পরিষদের স্মারক নং-৪৬.১০.৭৯০০.০০০.০৫.০০২.১৬.২১২. তারিখ: ১০/১০/২০১৬।

পিরোজপুর জেলা পরিষদের মালিকানাধীন স্বরূপকাঠী কৌড়িখাড়া খেয়াঘাটের সল্লিকটে (গ্রাভা মাইলের মধ্যে) স্বরূপকাঠী পৌরসভা সম্প্রতি অবৈধভাবে একটি খেয়াঘাট স্থাপন করে টোল আদায় করছে। স্থানীয় সরকার বিভাগের ০৮/০৮/১৯৯৪ তারিখের প্রজ্ঞাই-৪/জেপ-৩৫/৯৩/৯৪৭/১(৬১) নং স্মারকে জারীকৃত পরিপত্র/নির্দেশনানুযায়ী জেলা পরিষদের খেয়াঘাট/ফেরীঘাটের ০২ (দুই) মাইল সীমানার মধ্যে নতুন কোনো খেয়াঘাট সৃষ্টি/স্থাপন করা যাবে না। কিন্তু স্বরূপকাঠী পৌরসভা কর্তৃক অবৈধভাবে উক্ত খেয়াঘাট স্থাপন/সৃজন করায় জেলা পরিষদের খেয়াঘাটের গুরুত্ব/উপযোগিতা কমে গেছে এবং জেলা পরিষদ/সরকার বিপুল পরিমাণ রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে।

২. এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের পরিপত্র/নির্দেশনা উপেক্ষা করে অবৈধভাবে জেলা পরিষদের খেয়াঘাটের সল্লিকটে নতুন একটি খেয়াঘাট স্থাপন/সৃজন করে জেলা পরিষদকে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করা থেকে স্বরূপকাঠী পৌরসভাকে বিরত থাকার প্রয়োজনীয় নির্দেশনা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email:lgzpc@lgd.gov.bd

মুসাসচিব
নগর উন্নয়ন ২
স্থানীয় সরকার বিভাগ

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রশাসক, জেলা পরিষদ, পিরোজপুর।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।